

প্রাক কথন

আমার এই গবেষণার লক্ষ্য বাংলার উত্তরবঙ্গের ছয়টি জেলায় প্রচলিত লোকনাটকের যথাযথ মূল্যায়ন, সংজ্ঞা নিরূপণ, জনজীবনে এই শিল্প মাধ্যমের প্রভাবের স্বরূপ সন্ধান ও নির্বাচিত সংকলন প্রকাশ। নানা কারণেই বাংলার অন্য সব অঞ্চল থেকে অনেক বেশী সজীবতা ও মৌলিকত্ব নিয়ে এখনও বহমান এই অঞ্চলের লোকনাটক।

বক্ষ্যমাণ আলোচনার প্রথম অধ্যায়ে উত্তরবঙ্গের একটি সংক্ষিপ্ত সাধারণ রূপরেখা তুলে ধরা হয়েছে। দ্বিতীয় অধ্যায়ে উত্তরবঙ্গের লোকনাটক সম্পর্কে আলোকপাত করা হয়েছে। তৃতীয় অধ্যায়ে লোকনাটকের সংজ্ঞা নিয়ে বিভিন্ন মতামতের পর্যালোচনা ও তৎসহ আমার সিদ্ধান্ত জানানো হয়েছে।

চতুর্থ অধ্যায়ে বিস্তৃতভাবে উত্তরবঙ্গের লোকনাটকের পরিচয়, উপস্থাপনা ও কাহিনী বিশ্লেষণ করা হয়েছে। সংগৃহীত নাটকের ভিত্তিতেই এই আলোচনা। পঞ্চম অধ্যায়ে উত্তরবঙ্গের সমাজ জীবনের যে বাস্তবতা থেকে লোকনাটকের অঙ্কুর ও বৃদ্ধি সে সম্পর্কে আলোচনা করা গেছে। ষষ্ঠ অধ্যায়ে রয়েছে লোকনাটকের রূপকার কুশীলবদের আর্থসামাজিক অবস্থার মূল্যায়ন। এই মূল্যায়ন নিতান্তই বাস্তবনিষ্ঠ ও তথ্যভিত্তিক ক্ষেত্রসমীক্ষার ফসল।

সপ্তম অধ্যায়ে বিস্তৃত হয়েছে লোকনাটকে লোকসংগীতের ভূমিকার গুরুত্ব নিয়ে। লোকনাটক সাধারণ মানুষের কাছে তো 'পালাগান'। অষ্টম অধ্যায়ে লোকভাষা নিয়ে আলোচনা। লোকভাষাই লোকনাটকে অনেক পরিমাণে লোকগ্রাহ্য করে তোলে। জটিলতা পরিহার করে আমাদের মূল আলোচনার সঙ্গে সঙ্গতি রেখেই বিটর বিশ্লেষণ করা হয়েছে।

নবম অধ্যায়ে আলোচিত হয়েছে লোকনাটকের শৈলী ও আধুনিক নাটকের সঙ্গে তার ঐক্যসূত্র ও অনৈক্যের প্রসঙ্গ। দশম অধ্যায়ে আলোচনার পরিসমাপ্তি : লোকনাটকের কাছে প্রত্যাশা। একাদশ অধ্যায়ে উত্তরবঙ্গের লোকনাটকের নির্বাচিত সংকলন। এই সংকলনে স্থান পেয়েছে উত্তরবঙ্গের সমস্ত ধরনের লোকনাটকের নমুনা।

যথাসম্ভব পুনরাবৃত্তি বর্জন করে আলোচনাকে সংক্ষেপ করার চেষ্টা করেছি। উত্তরবঙ্গের লোকনাটক নিয়ে এই প্রথম এই ধরনের একটি প্রচেষ্টা হল। আমার প্রিয় তত্ত্বাবধায়ক ড. দিগ্বিজয় দে সরকার এক্ষেত্রে আমাকে প্রভূত সাহায্য করেছেন। ভূমিকে কর্ষণযোগ্য করে তুলতে তার শ্রম ও নিষ্ঠার কথা এই প্রসঙ্গে স্মরণ করছি। ঋণ স্বীকার করছি অগণিত উত্তরবঙ্গের সাধারণ মানুষের যাদের কাছ থেকে শিখেছি। এক্ষেত্রে আমার পূর্বসূরীদের কাছেও আমি ঋণী।

উত্তরবঙ্গের লোকনাটক লোকজীবনকে এখনও ঐক্যবদ্ধ রেখেছে মূলের অনুসন্ধানে। মহানন্দা-তিস্তা-জলঢাকা-তোর্ষা-কালজানির তীরে যে অসংখ্য গ্রাম আজও তার সনাতন দারিদ্র্য ও মূল্যবোধ নিয়ে বেঁচে আছে, ঐতিহ্যলালিত লোকনাটকের আসর আজও বসে সেইসব অঙ্গনেই। জনগণের এই শিল্প-মাধ্যমের বেঁচে থাকার ইতিহাস : "লোকনাটক ও উত্তরবঙ্গের জনজীবন"।

সুজাতা চন্দ্র সেন